দৈনিক বাংলা

তারিখ 25 AUG 1995
পৃষ্ঠা ৮ কলাম ৮

# একাদশ শ্রেণীতে ভর্তি সমস্যা নিরসনে বৈঠক

শিক্ষা সচিব মোঃ ইরশাদুল হকের সভাপতিত্বে ঢাকা মহানগরীর বিভিন্ন কলেজের অধ্যক্ষদের এক সভা বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হয়।

সভায় দেশের বিভিন্ন সরকারী ও বেসরকরী কলেজে উচ্চ মাধ্যমিক শ্রেণীসমূহে ভর্তির সমস্যা নিরসনের লক্ষ্যে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। খবর তথ্য বিবরণীর।

সভায় সিদ্ধান্ত হয়, দেশের সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ভর্তির জন্য নিজস্ব অবকাঠামো, শিক্ষক ও শিক্ষার্থী অনুপাত এবং আনুষঙ্গিক সুবিধাদি বিবেচনায় এনে ভর্তির জন্য আগাম শূন্য আসন সংখ্যা নির্ধারণ করে বিজ্ঞপ্তি প্রদান করবে, কলেজগুলো আবেদনকারী শিক্ষার্থীদের এসএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ক্রমানুসারে শূন্য আসনে ভর্তি করবে, আবেদনকারীদের মেধানুসারে নির্ধারিত আসনের শতকরা ৫০ ভাগ অতিরিক্ত অপেক্ষমাণ তালিকা প্রণয়ন করবে, শূন্য আসনে মনোনীত শিক্ষার্থী ভর্তি না হলে অপেক্ষমাণ তালিকার ক্রমানুসারে শিক্ষার্থী ভর্তি করবে, ভর্তির জন্য নির্ধারিত আবেদন ফরমে শিক্ষার্থিগণ আবেদন করবে, শিক্ষার্থীদের কোন ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না, ভর্তি পরীক্ষার জন্য কোন ফি গ্রহণ করা হবে না, কেবলমাত্র ভর্তির আবেদন ফরমের জন্য কলেজ কর্তৃপক্ষ দশ টাকা করে ফি আদায় করতে পারবেন।